



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

গণিত বিভাগে নবীন বরণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান



১০ মার্চ ২০২০-মঙ্গলবার গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১৫ তম ব্যাচের নবীন বরণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ উপস্থিত ছিলেন। এছাড়াও নবীন বরণ উদযাপন কমিটির আহবায়ক হিসেবে ছিলেন বিভাগীয় অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান।

এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।